



একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত  
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)  
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)  
৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫।

স্মারক নংঃ ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.৪০৪.১৩-৫০০৭

১২/১২/২০১৬ খ্রিস্টাব্দ।

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা  
-----উপজেলা  
-----জেলা

বিষয়ঃ অনলাইন সফটওয়্যারে প্রকল্পের তথ্যসমূহ যথাযথভাবে সংরক্ষণ।

উপর্যুক্ত বিষয়ে প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্পের সকল কার্যক্রম অনলাইন সফটওয়্যারের মাধ্যমে বাস্তবায়িত হচ্ছে। সফটওয়্যারের এআইএস অংশে কিছু সমস্যা থাকায় এবং প্রকল্পের ক্রমপঞ্জিত তথ্য সফটওয়্যারে এন্ট্রি না দেয়ায় ব্যালেন্স শীট, লেজার রিপোর্ট ও মাসিক রিপোর্টসহ কিছু কিছু রিপোর্ট- রিটার্ন সঠিক ও নির্ভুলভাবে পাওয়া যাচ্ছিল না। তাছাড়া প্রকল্পভুক্ত অনেক উপজেলায় কর্তৃক খতিয়ান, পাশবই, সাপ্তাহিক আদায় শীট ও ক্যাশ বইয়ের তথ্যের সাথে বাস্তবায়নাধীন সফটওয়্যারের তথ্যের মিল ছিল না। ইতোমধ্যে সফটওয়্যারে সমস্যার সমাধান করা হয়েছে এবং উপজেলার কর্তৃক খতিয়ান ও সদস্যদের পাশ বইয়ের সাথে প্রকল্পের অনলাইন সফটওয়্যারের তথ্যের শতভাগ মিল করণের নির্দেশনা দিয়ে পত্র জারী করা হয়েছে।

২। প্রকল্প সদর দপ্তরের স্মারক নংঃ ৩৮-৭৪ তারিখঃ ০৮/০৯/২০১৬ খ্রিঃ এর সংযুক্ত ছক মোতাবেক যে সকল উপজেলায় কর্তৃক খতিয়ান, পাশবই, সাপ্তাহিক আদায় শীট ও ক্যাশ বইয়ের তথ্যের সাথে বাস্তবায়নাধীন সফটওয়্যারের তথ্যের শতভাগ মিল রয়েছে; সেই সকল উপজেলাকে অত্র পত্রের সাথে সংযুক্ত ছক মোতাবেক বিগত ৩০/১১/২০১৬ খ্রিঃ তারিখ ভিত্তিক প্রকল্প কার্যক্রমের সকল তথ্য প্রস্তুত করতে নির্দেশ প্রদান করা হলো। স্বয়ংক্রিয় ও নির্ভুলভাবে সকল রিপোর্ট-রিটার্ন প্রাপ্তির জন্য নিম্নোক্ত সময় সূচী মোতাবেক প্রকল্প কার্যক্রমের নির্ধারিত তথ্য সফটওয়্যার প্রতিষ্ঠান ও প্রকল্প দপ্তরের দক্ষ কর্মকর্তাদের সহায়তায় সফটওয়্যারে এন্ট্রি/সংশোধনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

ক্র. নং	জেলার নাম	উপজেলার নাম	সফটওয়্যারে সংশোধিত তথ্য এন্ট্রির তারিখ	
			হইতে	পর্যন্ত
১	সাতক্ষীরা, চুয়াডাঙ্গা,মেহেরপুর	সাতক্ষীরা সদর, কলারোয়া, দেবহাটা, কালিগঞ্জ, চুয়াডাঙ্গা সদর, জীবননগর, মেহেরপুর সদর, মুজিবনগর ও গাংনী	১৯/১২/২০১৬	২০/১২/২০১৬
২	ঝিনাইদহ ও মাগুরা,	হরিনাকুন্ডু, ঝিনাইদহ সদর, কোটচাঁদপুর, মহেশপুর, কালীগঞ্জ, শৈলকুপা, মাগুরা সদর, শ্রীপুর, শালিখা, ও মোহাম্মদপুর	২১/১২/২০১৬	২২/১২/২০১৬
৩	যশোর ও নড়াইল	যশোর সদর, অভয়নগর, বিকরগাছা, বাঘারপাড়া, চৌগাছা, কেশবপুর, মনিরামপুর, শার্শা, নড়াইল সদর, কালিয়া ও লাহাগড়া	২৬/১২/২০১৬	২৭/১২/২০১৬
৪	খুলনা ও বাগেরহাট	ডুমুরিয়া, বটিয়াঘাটা, দাকোপ, পাইকগাছা, কয়রা, বাগেরহাট সদর, ফকিরহাট, চিতলমারী, কচুয়া ও রামপাল	২৮/১২/২০১৬	২৯/১২/২০১৬
৫	বরিশাল ও পটুয়াখালী	আগৈলঝাড়া, বাবুগঞ্জ, মেহেন্দিগঞ্জ, গৌরনদী, মুলাদী, বাউফল, দশমিনা, দুমকী, কলাপাড়া ও মির্জাগঞ্জ	৩০/১২/২০১৬	৩১/১২/২০১৬
৬	পিরোজপুর, বরগুনা ভোলা ও ঝালকাঠি	মঠবাড়িয়া, নাজিরপুর, পিরোজপুর সদর, আমতলী, বামনা বোরহানউদ্দিন, চরফ্যাশন, মনপুরা, ও ঝালকাঠি সদর,	০১/০১/২০১৭	০২/০১/২০১৭

৩। এমতাবস্থায় আপনার উপজেলার অত্র প্রকল্পের হিসাব সহকারী/সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তাকে (যিনি সফটওয়্যারে অধিক দক্ষ) বর্ণিত সূচী অনুযায়ী অত্র পত্রের সাথে সংযুক্ত ছক মোতাবেক তথ্য, ল্যাপটব, মডেম ও প্রয়োজনীয় কাগজপত্রসহ প্রকল্প সদর দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য কর্মকর্তা/ কর্মচারীগণ বিধি মোতাবেক প্রকল্প হতে যাতায়াত ভাতা প্রাপ্য হবেন।

সংযুক্তিঃ ১। এমআইএস ক্রমপঞ্জিত তথ্য ছক-১,২,৩ ও ৪।

২। হিসাব সারণীঃ ছক-১, ২ ও ৩।

স্বাক্ষরিত

১৫/১২/২০১৬


প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম  
প্রকল্প পরিচালক (ইরেসপো)  
বিআরডিবি, ঢাকা।

স্মারক নংঃ ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.৪০৪.১৩-৫০০৭

১২/১২/২০১৬ খ্রিস্টাব্দ

সদয় অবগতি জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। উপপরিচালক, বিআরডিবি, -----জেলা।
- ২। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
- ৩। পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
- ৪। প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৫। সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), বিআরডিবি, -----উপজেলা, -----জেলা।
- ৬। হিসাবসহকারী (ইরেসপো), বিআরডিবি, -----উপজেলা, -----জেলা।
- ৭। অফিস কপি।

  
(মোঃ হাবিবুর রহমান হাবিব)  
সহকারী পরিচালক  
ইরেসপো, বিআরডিবি, ঢাকা।